**Times Today BD**

আজিজুল ইসলাম বারী | দেশজুড়ে | 24 June, 2025

মঙ্গলবার (২৩ জুন) ভোর রাতে উপজেলার

বাউরা ইউনিয়নের হোমনাবাদ সীমান্তের ৮২ নং সীমান্ত পিলার এলাকা দিয়ে ভারতীয় সীমান্ত রক্ষী বাহিনী (বিএসএফ) ৭ জন ভারতীয় নাগরিককে বাংলাদেশে পুশ-ইন করেছে।

স্থানীয় সূত্রে জানা গেছে, মঙ্গলবার ভোর রাতে ওই ৭ জন নাগরিককে বাংলাদেশ সীমান্তে ঢুকিয়ে দেয় বিএসএফ।হঠাৎ করে সীমান্তবর্তী এলাকায় অচেনা লোকজন দেখতে পেয়ে স্থানীয়রা তাদের আটক করে এবং বিষয়টি বিজিবিকে জানায়।

স্থানীয় একজন নাম প্রকাশে অনিচ্ছুক ব্যক্তি জানান, “ভোররাতে হঠাৎ আমরা কিছু লোক দেখতে পাই।পরে জানতে পারি, ওরা ভারতীয় নাগরিক এবং তাদের বিএসএফ এখানে পাঠিয়ে দিয়েছে।”

বিষয়টি নিয়ে বাউরা বিওপি’র সংশ্লিষ্ট কর্মকর্তার সাথে যোগাযোগ করা হলে তিনি জানান, "ঘটনার বিষয়ে আমরা খোঁজ নিচ্ছি এবং উর্ধ্বতন কর্তৃপক্ষকে অবহিত করা হয়েছে।"

এদিকে এই ঘটনায় সীমান্ত এলাকায় চাঞ্চল্য দেখা দিয়েছে।পুশ-ইনকৃত ব্যক্তিরা কারা এবং কেন তাদের বাংলাদেশে পাঠানো হলো—তা নিয়ে নানা প্রশ্ন দেখা দিয়েছে।

এ বিষয়ে বিজিবি ও প্রশাসনের পক্ষ থেকে দ্রুত পদক্ষেপ নেওয়ার দাবি জানিয়েছেন স্থানীয়রা।

বিএসএফ বাংলাদেশ সীমান্ত বাউরা লালমনিরহাট

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 27 June, 2025 02:04

URL: https://www.timestodaybd.com/public/across-the-country/362171338